ইত্তেফাক

তারিখ 25 MAR 1986
পৃষ্ঠা 1 কলাম 6

600 01

# সিলেট মেডিক্যাল কলেজ বন্ধ॥ ব্রাহ্মণবাড়িয়ায় ৬ শত ছাত্র-ছাত্রী

সিলেট, ২৪শে মার্চ (নিজস্ব সংবাদদাতার টেলিফোন)—কর্তৃপক্ষ সিলেট মেডিক্যাল কলেজ অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করিয়াছেন। অধিকাংশ ছাত্রছাত্রী ইতিমধ্যে হোস্টেল ত্যাগ করিয়াছে। হাসপাতাল এলাকায় কারফিউ বলবৎ রহিয়াছে। এদিকে ভয়ভীতি, আতংক, দুর্ভোগ ও অচলাবস্থার কারণে চিকিৎসাধীন শতকরা ৯০ ভাগ রোগী হাসপাতাল ত্যাগ করিয়াছে। হাসপাতালের জরুরী বিভাগ বন্ধ থাকায় পরিস্থিতির অবনতি ঘটিয়াছে।

ব্রাহ্মণবাড়িয়ার সংবাদদাতা টেলিফোনে জানান, সিলেট মেডিক্যাল কলেজের ৬ শত ছাত্র ছাত্রীকে পুলিশ ও বিডিআর'র প্রহরায় আজ ব্রাহ্মণবাড়িয়ায় আনয়ন করা হয়। ব্রাহ্মণবাড়িয়া জেলা প্রশাসন ছাত্রছাত্রীদের নিরাপত্তা এবং সদর উপজেলা

(৮ম পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## সিলেট মেডিক্যাল কলেজ বন্ধ

(১ম পৃঃ পর)

পরিষদ তাহাদের থাকা-খাওয়ার ব্যবস্থা করিয়াছে। সিলেট মেডিক্যাল কলেজের ছাত্রদের সহিত এলাকার জনসাধারণের মধ্যে অপ্রীতিকর ঘটনার পর এই সকল ছাত্র-ছাত্রী ৫০ ঘণ্টা কলেজ কম্পাসে আটক অবস্থায় থাকে। পরে পুলিশ ও বিডিআর সিলেট জেলা বাদে অন্যান্য জেলার ছাত্রছাত্রীদের ব্রাহ্মণবাড়িয়ায় লইয়া আসে।